



ধানমন্ডি ৩২ থেকে কিশোর ও যুবককে সন্দেহভাজন হিসেবে আটক



সংগৃহীত ছবি

ধানমন্ডি ৩২ থেকে পুলিশ বৃহস্পতিবার সকালে এক কিশোর ও দুপুরে এক যুবককে সন্দেহভাজন হিসেবে আটক করেছে। ধানমন্ডি জোনের সহকারী পুলিশ কমিশনার শাহ মোস্তফা তারিকুজ্জামান এ তথ্য নিশ্চিত করেছেন।

পুলিশ জানায়, কিশোরের বয়স প্রায় ১৪ বছর এবং সে ময়মনসিংহের ভালুকা উপজেলার বাসিন্দা। অন্যদিকে, যুবকের বয়স প্রায় ২২ বছর। পুলিশ আটককালে কিশোরের হাতে ছিল একটি ব্যাগ, এবং তার পরনে ছিল প্যান্ট, কোট ও টাই। পরে তাকে ভ্যানে তুলে নেওয়া হয়।

এসি শাহ মোস্তফা বলেন, “কিশোরের আচরণে সন্দেহজনক কিছু বিষয় লক্ষ্য করা গেছে। কথাবার্তায় তিনি অসঙ্গতি দেখাচ্ছিলেন। কখনো নিজেকে শিক্ষার্থী পরিচয় দিচ্ছিল, আবার কখনো বিভিন্ন ছাত্র সংগঠনের সঙ্গে যুক্ত বলছিল।” তিনি আরও জানান, কিশোরের ব্যাগ থেকে কিছু কাগজপত্র এবং অন্যান্য সামগ্রী উদ্ধার করা হয়েছে, যা পর্যালোচনা করা হচ্ছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, সে কোনো সংগঠনের নির্দেশে এলাকায় এসেছিল।